সৃজনশীল বাংলাদেশ

# জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধা

নম্বর: ৪৩.২০.৩২০০০.০০০১.৫৯.০০০১.২৫. ১০৯৬

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ / ০৬ নভেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধা এর জন্য চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শূন্য পদে যোগ্য এবং আগ্রহী গাইবান্ধার স্থায়ী নাগরিক প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র/ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | উচ্চাঙ্গ সঙ্গীত প্রশিক্ষক | ০১ (এক) জন | উচ্চাঙ্গ সঙ্গীত প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হবার জন্য প্রার্থীকে উচ্চাঙ্গ সঙ্গীত বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | শাস্ত্রীয় নৃত্য প্রশিক্ষক | ০১ (এক) জন | শাস্ত্রীয় নৃত্য প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হবার জন্য প্রার্থীকে শাস্ত্রীয় নৃত্য বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | আবৃত্তি প্রশিক্ষক | ০১ (এক) জন | আবৃত্তি প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হবার জন্য প্রার্থীকে আবৃত্তি বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | তালযন্ত্র তবলা প্রশিক্ষক | ০১ (এক) জন | তালযন্ত্র তবলা প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হবার জন্য প্রার্থীকে তালযন্ত্র তবলা বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫ | চারুকলা প্রশিক্ষক | ০১ (এক) জন | চারুকলা প্রশিক্ষক হিসেবে নিয়োজিত হবার জন্য প্রার্থীকে চারুকলা বিষয়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

১। প্রার্থীকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধা বরাবর আবেদন করতে হবে এবং আগামী ৩০/১১/২০২৫ খ্রি. তারিখে বিকাল ৫.০০ টার মধ্য জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধায় আবেদনপত্র জমা দিতে হবে।

২। (ক) আবেদনপত্রে প্রার্থীত পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, জাতীয়তা, নিজ জেলা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা, প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, প্রশিক্ষকের নাম ও অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(খ) আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র, সংশ্লিষ্ট পৌরসভার প্রশাসক/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিষ্ঠানের সনদ এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের বিবরণ ও অন্যান্য অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপিসমূহ সংযুক্ত করতে হবে।

৩। আগামী ৩০/১১/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ২৫ (পঁচিশ) বছর থেকে ৫০(পঞ্চাশ) বছরের মধ্যে হতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। আবেদন ফরম জেলা শিল্পকলা একাডেমির ওয়েবসাইট www.shilpakala.gaibandha.gov.bd থেকে ডাউনলোড করা যাবে এবং জেলা শিল্পকলা একাডেমির অফিস হতে সংগ্রহ করা যাবে।

৬। নির্বাচন ও নিয়োগ প্রক্রিয়ায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রণীত নীতিমালা অনুসরণ করা হবে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ/ পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

০৬/১১/২৫

(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
জেলা প্রশাসক ও সভাপতি
জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধা।